



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখঃ ২৪/১০/২০১৬

বাংলাদেশ আওয়ামীলীগের নব-নির্বাচিত কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির নেতৃত্বদকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অভিনন্দন

বাংলাদেশ আওয়ামীলীগের নব-নির্বাচিত কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির নেতৃত্বদকে অভিনন্দন জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। অভিনন্দন বার্তায় উপাচার্য মহোদয় বলেন, বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের মহাসড়কে দেশ এগিয়ে যাচ্ছে এবং নবগঠিত কমিটির গতিশীল ও দূরদর্শী নেতৃত্বের মাধ্যমে বাংলাদেশ বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় পরিণত হবে এ প্রত্যাশা আমার। তিনি নিশ্চিত ভাবে আশা করেন নবগঠিত এ কমিটির নেতৃত্বের মাধ্যমে বাংলাদেশ দারিদ্র, ক্ষুধা ও দুর্নীতিমুক্ত দেশ হিসেবে অচিরেই বিশ্ব দরবারে মাথা উঁচু করে দাঁড়াবে। উপাচার্য মহোদয় আরও বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্ব যেভাবে বিশ্বব্যাপী প্রসংশিত হচ্ছে তাতে বাংলাদেশের একজন নাগরিক হিসেবে আমি অত্যন্ত গর্বিত। তিনি নবগঠিত কমিটির নেতৃত্বদের সর্বাঙ্গীন মঙ্গল কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)